

তপন গোস্বামী  
পরকীয়া

ভালো নাম জানি না তাই আলো নামে ডাকি  
বাইরে ঝড়-বৃষ্টি খুব, রাগ করলে নাকি ?  
চমৎকার লোডশেডিং, ছায়া নড়ছে ঘরে  
ভয় পেলে নামতা পড়ি অন্তরে অন্তরে।  
দরজা ধীরে খুলে যায়, দৃশ্যপটে রাধা  
বাইরে হাত বাড়ায় কিন্তু অন্তরে তা দ্বিধা।  
আমি তো নিমিত্ত মাত্র আদার ব্যাপারী  
সামান্য ইঙ্গিতে দরজা খুলে দিতে পারি।  
অনামা কস্তুরী তুমি ভেবে দেখে মনে  
এ ঘরেই রয়ে যাবে, নাকি বৃন্দাবনে ?